32

আজকের কাগজ

তারিখ ২৯ JUN 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

# সাঁথিয়া মহাবিদ্যালয়ের টাইপ মেশিন বাসের ছাদ থেকে রহস্যজনকভাবে গায়েব

হেলপারের কারসাজিতে সরকারে দেয়া সাঁথিয়া মহাবিদ্যালয়ের বাংলা টাইপরাইটার মেশিনের (নং-৬৫৩৮০১) প্যাকেটের পরিবর্তে দেয়া হয়েছে একই ধরনের একটি কসমেটিকের প্যাকেট। যার গায়ে লেখা আছে আঃ রহমান সিরাজগঞ্জ। প্রকাশ, ৩ জুন সাঁথিয়া মহাবিদ্যালয়ের অধ্যক্ষ আয়েজ উদ্দিন ও কলেজের গভর্নিং বডির সদস্য জহির উদ্দিন সরকারের দেয়া ঐ টাইপ মেশিনের প্যাকেট নিয়ে ঢাকা থেকে সাঁথিয়া যাওয়ার পথে বগুড়ার জয় পরিবহন নং নওগাঁ ব-০২-০০০৩-তে বুক করে বাসের ছাদে তুলে দেয়। নগরবাড়ি-বগুড়া মহাসড়কে, বেড়া বাসস্ট্যান্ডে এসে একটি প্যাকেট নামিয়ে দিয়ে দ্রুত বাসটি স্থান ত্যাগ করে। সন্দেহ হওয়ায় অধ্যক্ষ প্যাকেটের আংশিক খুলে দেখে তাতে টাইপ মেশিন নেই, আছে বিভিন্ন ধরনের কসমেটিক। এরপর অধ্যক্ষ নিজে বগুড়া গিয়ে জয় পরিবহন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করলে তারা বিষয়টিকে আমল না দিয়ে ঠিকমতো মাল ডেলিভারি দিয়েছে বলে দাবি করে। ধারণা করা হচ্ছে, হেলপার ও উক্ত ব্যবসায়ীর যোগসাজশে এ অপকর্ম করা হয়েছে। এ দিকে সরকারি সম্পদ এভাবে খোয়া যাওয়ায় অধ্যক্ষ বিপাকে পড়েছেন। এ ব্যাপারে সাঁথিয়া থানায় জিডি করা হয়েছে। জিডি নং-১৪০। সাঁথিয়া থেকে আব্দুদ দাইন।